# সহীহ শামায়েলে তিরমিযী

## হাদিস নাম্বারঃ ৫৭

৯. রাসূলুল্লাহ (ﷺ) এর জীবন-যাপন (باب ما جاء في عيش رسول الله ﷺ)

### আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ ، قَالَ : حَدَّثَنَا جَعْفَرُ بْنُ سُلَيْمَانَ الضُّبَعِيُّ ، عَنْ مَالِكِ بْنِ دِينَارٍ ، قَالَ : " مَا شَبِعَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ خُبْزٍ قَطُّ , وَلا لَحْمٍ ، إِلا عَلَى ضَفَفٍ " ، قَالَ مَالِكٌ : سَأَلْتُ رَجُلا مِنْ أَهْلِ الْبَادِيَةِ : مَا الضَّفَفُ ؟ قَالَ : " أَنْ يَتَنَاوَلَ مَعَ النَّاسِ " .

### বাংলা

তিনি তৃপ্তি সহকারে রুটি এবং মাংস ভক্ষণ করেননি :

৫৭. মালিক ইবনে দীনার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কখনো ’যাফাফ’ ছাড়া তৃপ্তি সহকারে রুটি এবং মাংস ভক্ষণ করেননি।

মালিক ইবনে দীনার (রাঃ) বলেন, আমি এক বেদুঈনকে জিজ্ঞেস করি, ’যাফাফ’ কী? সে বলল, মানুষের সাথে একত্রে পানাহার করা।[1]

### ফুটনোট

[1] মুসনাদে আহমাদ, হা/১৩৮৮৬; মুসনাদে আবু ইয়ালা, হা/৩১০৮; সহীহ ইবনে হিব্বান, হা/৬৩৫৯।

### ব্যাখ্যা

যখন রাসূলুল্লাহ (সাঃ) এর ঘরে মেহমান আগমন করত তখন মেহমানের সাথে খাওয়ার সময় পেট পূর্ণ করে খেতেন। যাতে মেহমান ক্ষুধা রেখে তাড়াতাড়ি খাওয়া শেষ না করে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইমাম পাবলিকেশন্স লিমিটেড

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=48971

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন